শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

মুজিব শতবর্ষ

# দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২

ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর।

স্মারক নং-২৭.১২.২৭৩৮.৫৪৪.০২.০২১.২২.৩২৮২

তারিখঃ ২৪ শ্রাবণ, ১৪২৯ বঙ্গাব্দ।
০৮ আগস্ট, ২০২২ খ্রিস্টাব্দ।

## বিষয়ঃ মেডিকেল রিটেইনার (চুক্তিভিত্তিক) নিয়োগ বিজ্ঞপ্তি ।

দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর পার্বতীপুর ও নবাবগঞ্জ জোনাল অফিসের কর্মকর্তা/কর্মচারীদের চিকিৎসা সেবা প্রদানের উদ্দেশ্যে মেডিকেল রিটেইনার (চুক্তিভিত্তিক) নিয়োগের নিমিত্তে নিম্নেবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

### ''পদ সংখ্যাঃ ০২ (দুই)''

শর্তাবলীঃ

০১। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

০২। প্রার্থীকে সরকার কর্তৃক অনুমোদিত মেডিকেল কলেজ হতে এম.বি.বি.এস ডিগ্রিধারী হতে হবে।

০৩। আলোচ্য পদে ০৩ (তিন) বৎসরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ করা হবে। তবে উভয়পক্ষের মধ্যে আলাপ আলোচনার প্রেক্ষিতে চুক্তির মেয়াদ বৃদ্ধি করা যেতে পারে।

০৪। নিয়োগ প্রাপ্ত চিকিৎসক-কে সপ্তাহে ০২ (দুই) দিন ০১ (এক) ঘন্টা/আলোচনা সাপেক্ষে নিয়োগ প্রাপ্ত সংশ্লিষ্ট জোনাল অফিসে উপস্থিত থেকে উক্ত অফিসে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের এবং তাদের উপর নির্ভরশীল পরিবারের সদস্যদের চিকিৎসা সেবা প্রদান করতে হবে। এছাড়াও কর্মকর্তা/ কর্মচারীগণ ডাক্তারের চেম্বারে গিয়ে চিকিৎসা সেবা গ্রহণ করতে পারবেন।

০৫। দুর্ঘটনা বা যে কোন জরুরী প্রয়োজনে সমিতির ভৌগলিক এলাকায় যে কোন স্থানে নিয়োগ প্রাপ্ত চিকিৎসক-কে যেতে হবে এবং এজন্য তাকে প্রকৃত যাতায়াত ভাতা প্রদান করা হবে।

০৬। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক নির্ধারিত হারে মাসিক সর্বোচ্চ ৮০০০/= (আট হাজার) টাকা রিটেইনার ফি প্রদান করা হবে।

০৭। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হবে। নিয়োগ সংক্রান্ত চুক্তি বাতিল করতে হলে যে কোন পক্ষকে এক মাসের পূর্ব নোটিশ প্রদান করতে হবে।

উপরোক্ত পদে নিয়োগ প্রাপ্ত হতে ইচ্ছুক আগ্রহী প্রার্থীগণ সাদা কাগজে নিম্নবর্ণিত তথ্যাদি উল্লেখ পূর্বক প্রয়োজনীয় কাগজপত্র সংবলিত দরখাস্ত আগামী ২৪/০৮/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর বরাবরে পৌছাতে হবে।

(ক) আবেদনকারীর নাম (স্পষ্টাক্ষরে ) :
(খ) পিতার নাম :
(গ) মাতার নাম :
(ঘ) বর্তমান ঠিকানা :
(ঙ) স্থায়ী ঠিকানা :
(চ) শিক্ষাগত যোগ্যতা :
(ছ) জন্ম তারিখ :
(জ) জাতীয়তা :
(ঝ) অভিজ্ঞতা :
(ঞ) সকল শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা সনদপত্রের সত্যায়িত ফটোকপি এবং সাম্প্রতিককালে তোলা তিন কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করে দিতে হবে।
(চ) বর্ণিত পদে নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

৮/৮/২২

(মোঃ শহীদ উদ্দিন)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)।

অনুলিপিঃ (নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ)

০১। জেলা প্রশাসক, দিনাজপুর।
০২। পুলিশ সুপার, দিনাজপুর।
০৩। সিভিল সার্জন, দিনাজপুর।
০৪। উপজেলা নির্বাহী অফিসার ..............................উপজেলা, দিনাজপুর।
০৫। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, দিনাজপুর।
০৬। উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা .............................. উপজেলা, দিনাজপুর।
০৭। ডিজিএম, ঘোড়াঘাট/নবাবগঞ্জ/পার্বতীপুর জোনাল অফিস, দিপবিস-২।
০৮। এজিএম (ওএন্ডএম), হিলি/আমবাড়ী সাব-জোনাল অফিস, দিপবিস-২।
০৯। এজিএম (অর্থ /এমএস/ওএন্ডএম/ইএন্ডসি/আইটি/প্রশাসন), দিপবিস-২।
১০। অফিস কপি/মাষ্টার কপি/ নোটিশ বোর্ড, দিপবিস-২।

(মোঃ শহীদ উদ্দিন)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)।

E:\Ripa ALL 12.06.2021\D\Ripa 24.10.20\02.021 Doctor(Retainer)\Biggopti.Unicode.doc6